গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালক এর কার্যালয়
সংগ্রহ শাখা
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

নং-৫৪.০১.০০০০.০১৩.০৭.০২২.২০২০-৭৯

তারিখ: ০১.০৩.২০২১

বিষয় : আর্থিক প্রস্তাব সংরক্ষণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আর্থিক প্রস্তাব সংরক্ষণ প্রসঙ্গে পিপিআর, ২০০৮ এ নিম্নরূপ উল্লেখ রয়েছেঃ

(০১) অভ্যন্তরীণ ক্রয় ও এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি-
পিপিআর, ২০০৮ এর উপবিধি ৬৮(গ)(৫):
" কারিগরি প্রস্তাবসমূহের মূল্যায়ন সমাপ্ত হইবার পর উক্ত মূল্যায়ন প্রতিবেদন ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক অনুমোদিত হইতে হইবেঃ তবে শর্ত থাকে যে, উক্তরূপ অনুমোদিত না হওয়া পর্যন্ত আর্থিক প্রস্তাবসমূহ ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি একটি নিরাপদ স্থানে সংরক্ষণ করিবে।"

(০২) আন্তর্জাতিক ক্রয়: দুই পর্যায়বিশিষ্ট দরপত্র পদ্ধতি-
পিপিআর, ২০০৮ এর উপবিধি ৮৪(গ)(৫):
" কারিগরি প্রস্তাবসমূহের মূল্যায়ন সমাপ্ত হইবার পর উক্ত মূল্যায়ন প্রতিবেদন ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক অনুমোদিত হইতে হইবেঃ তবে শর্ত থাকে যে, উক্তরূপ অনুমোদিত না হওয়া পর্যন্ত আর্থিক প্রস্তাবসমূহ ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি একটি নিরাপদ স্থানে সংরক্ষণ করিবে।"

(০৩) বুদ্ধিভিত্তিক এবং পেশাগত সেবা ক্রয়ের সেবা ক্রয়-
পিপিআর, ২০০৮ এর উপবিধি ১১৮(৩):
"কারিগরি প্রস্তাব মূল্যায়ন সমাপ্ত হওয়া পর্যন্ত ক্রয়কারী কার্যালয় প্রধান তাঁহার নিকট আর্থিক প্রস্তাব তাঁহার নিরাপদ হেফাজতে বন্ধ অবস্থায় সংরক্ষণ করিবেন।"

২। এমতাবস্থায়, আর্থিক প্রস্তাব সংরক্ষণ প্রসঙ্গে অনুচ্ছেদ ০১ এ উল্লিখিত বিধিসমূহ যথাযথভাবে পরিপালনের জন্য সকল ক্রয়কারীকে জানিয়ে দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১/০৩/২০২১
(মোঃ হাসিবুল মাহমুদ)
উপ-পরিচালক (সংগ্রহ)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো/আরএস/এমএন্ডসিপি/অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২। মহাব্যবস্থাপক (পূর্ব) ও (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।
৩। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা (সকল প্রকল্প পরিচালক-কে জানিয়ে দেয়ার অনুরোধসহ)।

অনুলিপি :
১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২। প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা (নির্দেশনাটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

কম) এর দপ্তর